

## 📖 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩৮২

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে ফুঁ দেওয়া মাকরুহ।

### باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ النَّفْخِ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ الضَّبِّيِّ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ مَيْمُونِ أَبِي حَمْزَةَ، بِهَذَا الْإِسْنَادِ نَحْوَهُ وَقَالَ غُلَامٌ لَنَا يُقَالُ لَهُ رِبَاحٌ . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ أُمِّ سَلَمَةَ إِسْنَادُهُ لَيْسَ بِذَلِكَ . وَمَيْمُونُ أَبُو حَمْزَةَ قَدْ ضَعَّفَهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي النَّفْخِ فِي الصَّلَاةِ فَقَالَ بَعْضُهُمْ إِنَّ نَفْخَ فِي الصَّلَاةِ اسْتَقْبَلَ الصَّلَاةَ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَأَهْلِ الْكُوفَةِ . وَقَالَ بَعْضُهُمْ يُكْرَهُ النَّفْخُ فِي الصَّلَاةِ وَإِنْ نَفَخَ فِي صَلَاتِهِ لَمْ تَفْسُدْ صَلَاتُهُ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

৩৮২. আহমদ ইবনু আবদা আয-যাব্বী (রহঃ) ..... মায়মুন আবু হামযা (রহঃ) থেকে উক্ত (৩৭৯ নং) সূত্রের অনুরূপ রিওয়াত করেন। তবে তিনি তাঁর বর্ণনায় "রাবাহ নামক আমাদের এক গোলাম" এই কথার উল্লেখ করেছেন। ইমাম আবু ইসা তিরমিযী (রহঃ) বলেনঃ উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত এই হাদীসটির সনদ তেমন গ্রহণযোগ্য নয়। হাদীস বিশেষজ্ঞদের কেউ কেউ রাবী মায়মুন আবু হামযাকে যঈফ বলে অভিমত দিয়েছেন। সালাতরত অবস্থায় ফুঁ দেওয়া সম্পর্কে আলিমগণের মতভেদ রয়েছে। কেউ কেউ বলেনঃ যদি কেউ সালাতে ফুঁ দেয় তবে তাকে পুনরায় সালাত আদায় করতে হবে। এ হ'ল ইমাম সুফইয়ান সাওরী ও কূফাবাসী আলিমদের অভিমত। অপর কেউ কেউ বলেনঃ সালাতরত অবস্থায় ফুঁ প্রদান মাকরুহ, কেউ যদি সালাতরত অবস্থায় ফুঁ দেয়, তার সালাত ফাসিদ হবে না। এ হলো ইমাম আহমদ ও ইসহাকের অীভমত। - তিরমিজী হাদিস নম্বরঃ ৩৮২ [আল মাদানী প্রকাশনী]

## English

(Another chain) in which Abu Hamzah narrated:  
"A boy of ours named Rabah."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17571>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন